

যুগান্তর

একাডেমিক কার্যক্রম বর্জন অব্যাহত

বুয়েটে মাঠের আন্দোলন স্থগিত

সন্ত্রাস ও সাম্প্রদায়িক শক্তিকে রুখে দিতে গণশপথ আজ

প্রকাশ : ১৬ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

ঢাবি প্রতিনিধি



আবরার হত্যাকাণ্ডের প্রতিবাদে মঙ্গলবার বুয়েট ক্যাম্পাসে সংবাদ সম্মেলনে নতুন কর্মসূচি জানাচ্ছেন আন্দোলনসরাত শিক্ষার্থীরা। ছবি-যুগান্তর

বুয়েট শিক্ষার্থী আবরার ফাহাদ হত্যার আসামিদের স্থায়ী বহিষ্কার না করা পর্যন্ত একাডেমিক কার্যক্রমে অংশ না নেয়ার ঘোষণা দিয়েছেন বুয়েটের আন্দোলনরত শিক্ষার্থীরা।

তবে মাঠের আন্দোলনে আপাতত ইতি টানার ঘোষণা দিয়েছেন তারা। মঙ্গলবার বিকালে বুয়েট শহীদ মিনারে এক সংবাদ সংবাদ সম্মেলনে আন্দোলনরত শিক্ষার্থীদের পক্ষ থেকে এই ঘোষণা দেয়া হয়।

আন্দোলনকারীরা জানান, আবরার ফাহাদ হত্যার অভিযোগপত্র জমা দেয়ার পর আসামিদের বুয়েট থেকে একাডেমিকভাবে স্থায়ী বহিষ্কার না করা পর্যন্ত তারা কোনো ধরনের একাডেমিক কার্যক্রমে অংশ নেবেন না। আজ বুধবার সন্ত্রাস ও সাম্প্রদায়িক শক্তিকে রুখে দেয়ার দাবিতে গণশপথ কর্মসূচি পালনের ঘোষণাও দিয়েছেন আন্দোলনরত শিক্ষার্থীরা।

এর আগে আবরার হত্যার বিচার দাবিতে মঙ্গলবার দুপুরে পরবর্তী কর্মসূচি নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নিতে বিশ্ববিদ্যালয়ের ক্যাফেটেরিয়া প্রাঙ্গণে বৈঠক করেন বুয়েট শিক্ষার্থীরা।

বৈঠক শেষে বিকাল ৫টার পর সাংবাদিকদের ব্রিফিং করেন তারা। বুয়েটে ভর্তি পরীক্ষা উপলক্ষে গত রোববার ও সোমবার আন্দোলন শিথিল করে মঙ্গলবার সকালে ক্যাম্পাসে আবার জড়ো হন আন্দোলনরত শিক্ষার্থীরা। এছাড়া সোমবার আবরার হত্যাকারীদের বিচারের দাবিতে গণস্বাক্ষরও সংগ্রহ করেন আন্দোলনকারী শিক্ষার্থীরা।

আন্দোলনকারী শিক্ষার্থী মাহমুদুর রহমান সায়েম বলেন, বুয়েট প্রশাসন চলমান তদন্ত প্রক্রিয়া দৃশ্যমান অগ্রগতি সাধনের মাধ্যমে সদিচ্ছা ইতিমধ্যে দেখিয়েছে। আমরা সেই সদিচ্ছার প্রতি পূর্ণ শ্রদ্ধা রেখে আগামীকাল আমাদের মাঠ পর্যায়ের কর্মসূচিতে ইতি টানার সিদ্ধান্ত নিয়েছি। আগামীকাল বুয়েটের সাধারণ শিক্ষক-শিক্ষার্থী মিলে গণশপথে অংশ নেব। এর মাধ্যমে আমরা আমাদের ক্যাম্পাসে সাম্প্রদায়িকতা ও সন্ত্রাস রুখে দেয়ার জন্য প্রতিজ্ঞাবদ্ধ হব।

খুনিদের স্থায়ী বহিষ্কারের দাবি জানিয়ে সায়েম বলেন, সুস্পষ্টভাবে আমরা বলতে চাই মাঠ পর্যায়ের কর্মসূচির ইতি টানলেও সার্বক্ষণিক পর্যবেক্ষণ করব- আমাদের দাবিদাওয়াগুলো প্রশাসন বাস্তবায়ন করছে কিনা।

পাশাপাশি আইন প্রয়োগকারী সংস্থার চার্জশিট দাখিলের পর অপরাধীরা স্থায়ীভাবে বহিষ্কারের হচ্ছে কিনা। এর আগ পর্যন্ত সাধারণ শিক্ষার্থীরা কোনোরকম একাডেমিক কার্যক্রম অংশ নেবে না। আমরা খুনিদের সঙ্গে একাডেমিক কালচার শেষার করতে রাজি নই।

আন্দোলন ভিন্নখাতে প্রবাহিত হতে পারে-এমন আশঙ্কা করে সায়েম বলেন, বিগত কয়েক দিন ধরে আমরা অত্যন্ত উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছি যে, ভাইয়ের লাশকে পর্দা হিসেবে ব্যবহার করে আড়ালে অন্তরালে অনেক স্বার্থান্বেষী সংগঠন নিজেদের এজেন্ডা বাস্তবায়নে প্রমোদ করার চেষ্টা করছেন।

আমরা সুস্পষ্টভাবে বলতে চাই এদের সাথে আমাদের কোনো সংশ্লিষ্টতা নেই। এর পাশাপাশি আমরা দেশবাসীকে আহ্বান জানাই এসব স্বার্থান্বেষী মহলের এজেন্ডা দেখে আপনারা বিভ্রান্ত হবেন না। রাজপথে আমাদের অবস্থানকে দীর্ঘায়িত করে এ আন্দোলনকে ভিন্নখাতে প্রবাহিত করার সুযোগ আমরা দিতে চাই না।

আন্দোলনরত শিক্ষার্থীরা বলেন, আমাদের ১০ দফা দাবির মধ্যে ইতিমধ্যেই ছয়-সাতটি কার্যকর করা হয়েছে। বাকিগুলো প্রক্রিয়াধীন বলে পরিলক্ষিত হচ্ছে। তাই আমরা মাঠপর্যায়ের আন্দোলনের আপাতত ইতি টানলাম। কিন্তু আমরা আমাদের দাবিগুলো পূর্ণ কার্যকর হওয়ার আগ পর্যন্ত পর্যবেক্ষণ করব। এ সময় আবরার ফাহাদ হত্যার ঘটনায় আইনশৃঙ্খলা বাহিনীর পদক্ষেপের প্রশংসা করেন বুয়েট শিক্ষার্থীরা।

ভারতের সঙ্গে সম্পাদিত চুক্তি নিয়ে ফেসবুকে স্ট্যাটাস দেয়ার জেরে খুন হন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) শিক্ষার্থী আবরার ফাহাদ। ভারতের সঙ্গে চুক্তির বিরোধিতা করে গত ৫ অক্টোবর সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে একটি স্ট্যাটাস দেন ফাহাদ।

এর পরদিন ৬ অক্টোবর রাতে শিবির সন্দেহে শেরেবাংলা হলের নিজের ১০১১ নম্বর কক্ষ থেকে তাকে ডেকে নিয়ে ২০১১ নম্বর কক্ষে বেধড়ক পেটানো হয়। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।